

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ এর একটি নতুন ইউনিট চালু, জাতীয় গ্রিডে আরও ৩৮৬ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ।

গত ১৮ জুলাই ২০১৬ তারিখে আশুগঞ্জ সিসিপিপি (সাউথ) প্রকল্পটি থেকে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু হয়েছে। এর ফলে গ্যাসভিত্তিক এই ইউনিট টি থেকে জাতীয় গ্রিডে অতিরিক্ত আরও ৩৮৬ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে। বর্তমানে আশুগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের ১০টি ইউনিট থেকে এক হাজার চারশ সাতাশ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সম্ভব হচ্ছে। বিদ্যুৎকেন্দ্রের বৃহৎ এই ইউনিটটি উৎপাদনে আসায় দেশের বিদ্যুৎ ঘাটতি কমিয়ে আনার পাশাপাশি জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করছেন বিদ্যুৎ কেন্দ্র কর্তৃপক্ষ।